[IN]DIA'S [DE]BT TO BOMBAY.—If it was located here, Bombay would have probably taken the lead in India. Bengal has two great advantages over Bombay. The lands are permanently settled in this country and this boon, granted by the English, has created a class of independent gentlemen who have thus leisure to think of other higher things than merely of the ways and means how to fill the belly. In the N. W. Provinces, the great struggle of the nation is how to appease hunger, and the people there are sinking and sinking into the depths of misery. The whole nation presents a spectacle of woe and misery which is seen only in India and which has been faithfully described by the noble correspondent of the *Times*. In Bengal, a portion of the people have some comfort, and though our legislators have been persistently trying to introduce means by which the ryots and zemindars may ruin each other, yet there are men in Bengal who can sit at their ease and can even spend money for pleasure. The life of a land-holder is easier than that of a merchant and he has greater leisure and opportunities of improving himself and devoting his time for the benefit of his race. The consequence was, that the schools and colleges flourished in Bengal, and philosophers, poets and politicians sprang up in our country. A life of ease has its drawbacks too, it partially demoralises a man and disposes one to laziness and is fatal to a spirit of enterprize. In Bombay, land paid the people very little. What it paid was swallowed up by Government and there was no incentive to improve their lands, as long as there was the fear of a periodical settlement. But the people of Bombay did not sink under the weight of the 30 years settlement like the people of the North West. They struggled to keep themselves afloat and took to trades and manufactures. The peculiar position of their capital determined them as well, for it is said, Bombay has the finest harbour in the world. The life of a merchant is not easy, and is scarcely favorable to the study of philosophy, but it imparts energy and a spirit of enterprize. Circumstances also favored Bombay. The Suez Cannal, the American war all tended to the growth of Bombay and if there are any people in India who are improving they are the people of that Presidency. The Bengallees are rotten within, the higher classes are disappearing, the Bramhins, Kayasts and Vadyas are not improving in wealth and number, there is a great chance of the higher classes' [becomi]ng extinct within a comparatively short tim[e giving] place to the present ryots; the nation is [gradua]lly becoming leaner and shorter and the whole [is] suffering from ill health. Land is impr[oved] no doubt, but the people are not getting[richer] on account of that, simply because every p[iece] of land has his suit, and a suit means a hea[vy tax] to Government. Moreover there is a limit [to im]provement in land and as a matter of fact [land]holders are sinking [in] debts. But unlike lan[dholders] merchants can multiply their riches, and t[he people] of Bombay as merchants ha[ve p]roved successful. They are competing with [England] in her own element, they have firms in England and business all over the world. Those who improve the lands are no doubt benefactors to their country, but so are the merchants who bring wealth into the country and impart a spirit of adventure and enterprize. If all the Provinces were to follow in the wake of Bombay, India would be regenerated within the course of a quarter of a century. Indeed Bombay has adopted a healthier course than Bengal to rise in the scale of nations. We clamour for posts of responsibility and fight directly with our rulers. Our fight is with the Anglo-Indians, the Bombayites are fighing with British merchants and manufacturers. We depend entirely upon the generosity of our rulers, who, if they choose it, can close the doors already opened to us. But it is a difficult task to resist the people of Bombay in their attempt to improve the weaving manufactures of our country. A despotic Government can no doubt throw obstacles in the way of free trade, yet it has some concern for its revenue. The Government can be on most occasions led by the nose by the British Merchants, but it is extremely doubtful whether they can make it sacrifice a considerable portion of its revenue. India owes a debt of immense gratitude to Bombay for her efforts to revive the weaving industry of the country. The looms which supplied the whole of the world were stilled we feared for ever, but the people of Bombay have shewn that there is yet vitality in the nation. Manchester is clamoring for the reduction of duty but even if Government sacrificed India to this selfish clamor, we wander how could the people of Manchester hope to compete with India where labor is 50 times cheaper and after paying the expences of freight, insurance and so forth. If this new enterprize succeeds, and we fervently pray to God that it may, the advantage to the nation directly and indirectly, will be immense. The enterprize has also a political significance. The lesser India pay to England, the more she will be generously treated. Selfishness has blinded the moral perceptions of the English people, and it will be doing a truly loyal work, by removing that cause of selfishness. If India paid less the English people would not much care to give the people some power, and if India paid nothing at all, they would not object to leave the country into our hands.

Another great advantage which Bengal has over Bombay is that the capital city is in the former ... has ... have secured some inferior posts in Imperial Departments and have some voice, however feeble, in the administration of the country. They always come in direct contact with the Supreme Government and so the local Government cannot tyrannise over them with ease and sometimes safety. They have studied the English character more narrowly and has immensely profitted by it. By this close study, they have discovered the weak and strong points in English character and have learnt to fight Englishmen in their own ground. They have learnt the value of political agitation and the advantages of unity. Coming in contact with freeborn Britons, they strove to be a nation and the leaders of native society tried to create a national feeling amongst their less enlightened country. They have partially succeeded, in as much as the Bengallees possess a more intense national feeling than perhaps any other Hindoo nation in India. They watch with keen interest the movements of Government, discuss Government measures earnestly, combine to resist oppression, sacrifice time and money for general welfare. So strong is this national feeling in Bengal, that the people have come to a determination not to submit tamely to any oppression of any man whatever. The Imperial Government is beyond the reach of the people of Bombay. Calcutta as the centre of political thought trained the inhabitants of the City, but in Bombay the atmosphere was not as in Calcutta saturated with political sentiments but flakes of cotton. Bombay has not been able to keep pace with Bengal in this respect. Its ablest papers, the *Native Opinion* and *Indu Prakash* vainly strive to rouse their countrymen to take some interest in politics. But here again Bombay has opened out another political channal for herself. If the people of that Province do not come in direct contact with the Imperial Government they are nearer to the Home Government than the Bengallees. The Bengallees deal with Anglo-Indians, the Bombayites with Englishmen of England. The Bengallees, whenever danger threatens them, run to the Government House, the Bombayites to the India House, for the people of Bombay are more England-going, if we may use the expression, than the Bengallees. So the Bengallees formed their British Indian Association, the people of Bombay their East India Association. The people of the Western Presidency have commenced to agitate Indian question however feebly in England, while the Bengallees have not as yet take[n a] single step to move the people in England. [The] Bengallees want a Parliament in India, and [the] people of the Western Presidency a representa[tion] of India in English Parliament. Here again to our humble thinking the people of Bombay have adopted a healtheir course to have their grievances removed. The strength of the India Government comes not from the people of India but from Home and it is more effective to attack Scipio-like the strong hold of the enemy. It is said that no sooner a slave touches British soil than his shackles fall, but it is also quite true that no sooner a free man touches the soil of India he either becomes a tyrant or a slave. To move the hearts of such men is more difficult than of those who have never breathed the tainted atmosphere of India. The national feeling is intensely roused in a foreign country and the Anglo-Indians have a compact amongst themselves to help each other, and the cosmopolitan feeling which characterizes the English in England is wanting here. The interests of the Anglo-Indians clash directly with those of the natives, and the privileges granted to the Natives, are so many privileges taken from them. The measure which benefits them injures the Natives and which benefits the Natives, injures them. If they grant a boon to the Natives, they cannot but do it by making some sacrifice of their interest. Such is the position of these two classes of people in India, the Englishmen and the Natives. But the people of England have no direct interest to sacrifice to serve the Native. So it is extremely foolish to hope to regenerate India through Anglo-Indian agency. If we seek foreign help we must go to the people of England, and thus to our humble thinking the people of the Western Presidency have adopted the right course for political agitation. It is on these considerations that we have resolved to try the experiment of publishing an abstract of the Native Press of India and distributing it in England, and we shall commence operations immediately after the Pooja vacation. For the East Indian Association, we have to thank our brethren of the Western Presidency, but we humbly think that their plan of, representing India in Parliament is not a wise one. If India could be adequately represented that would have been very good thing perhaps, but it is infinite times better to remain unrepresented, than to be inadequately represented. Ireland is represented in Parliament but yet Patrick complains that the representation is nearly nominal and that under the cover of this so-called representation, the British Parliament does whatever it likes with the affairs of the country and carrays matters with a high hand. There is another consideration. We would like to have a separate existence and would not like to lose our identity. The Scotch agreed to the Union becanse they and the English differed very little, but we do not know wheth[er] it is ...

বিজ্ঞাপন।

GREAT NATIONAL THEATRE.

BEADON STREET PAVILION.

Saturday the 10th October 1874.

Opera ! Opera !! Opera !!!

For the last time, the most successful piece

সতী কি কলঙ্কিনী !

To conclude with the Melo-Drama

ভারতে যবন !

NOGENDRA NATH BANERJEE
MANAGER

সংবাদ।

—নীল গিরি পর্ব্বতে অতি উৎকৃষ্ট চা হইতেছে।

—বাবু নীল কমল মিত্রের রেলওয়ে কোম্বানির সহিত সমুদয় সম্পর্ক লোপ হইবে। এই মাসের ১ লা তারিখ তাঁহার মিত্রালয় সমুদয় বন্দ হইয়াছে। কি অবিচার !

—গত ১৮ ই সেপ্তেম্বর তারিখে আর একটী ইংরেজ ... অবলম্বন করিয়াছেন। ইহার নাম টমাস জনসন এবং রেলওয়েয়র মধ্যে ইনি কার্য্য করিতেন। তিনি পূর্ব্বে বহুকাল অমেরিকান্ জাহাজে সেলারের কাজ করিতেন। আড়াই বৎসর গত হইল তিনি জাহাজের কার্য্য পরিত্যাগ করিয়া রেলওয়ের মধ্যে কোন কার্য্যে প্রবর্ত্ত হয়েন। ইগতপুরের এক জন বিবিকে বিবাহ করিয়া তিনি মহা সুখে কাল যাপন করিতে থাকেন। স্ত্রী লোকটী অত্যন্ত মদ্যাসক্তা ছিল। টমাস অনেক চেস্টা পাইলেন, কিছুতেই তাহার স্বভাব পরিবর্ত্তন হইল না। তিনি নন্দগম নামক স্থানে বদলি হইলে, তথায় তাহার স্ত্রী ভারি মদ পান করিতে ...গিল। অত্যন্ত অসহ্য হওয়ায় তিনি এক দিন গুরুতর ...র করিয়া তাহাকে বাহির করিয়া দেন। সে ...ড়িত হইয়া এক জন মুসলমান সিপাহিকে বিবাহ করিল এবং মুসলমান হইল! তিনি মুসলমান হইয়া তাহার স্ত্রীকে আবার গ্রহণ করিয়াছেন।

—আমরা অত্যন্ত দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে, পুঠিয়া নিবাসী ৺ গোবিন্দ নাথ সেন, যিনি রাজা পরেশ নারায়ণ রায় বাহাদুরের পেস্কার ছিলেন, তিনি গত ৮ই আশ্বিন তারিখে ক্ষেপিয়া অত্র বোয়ালিয়াতে মানব লীলা সম্বরণ করিয়াছেন। ইহাকে ...ন করি- আষাঢ় তারিখে পুঠিয়াতে ক্ষিপ্ত শৃগালেরিয়া আরোয়াছিল। তৎপর নানা বিধ ঔষধোপলক্ষে অত্র বোয়াগ্য হইয়াছিলেন, পরে ।দবস পরে জল দেখিয়া অত্যন্ত ভয় কারতে লাগিলেন, কিন্তু তিনি শুনিয়া ছিলেন যে, শিয়ালে কামড়াইলে ক্ষেপিবার পূর্ব্বে জল দেখিয়া সহসা ভয় উপস্থিত হয়, এই কথা তাঁহার বন্ধু বান্ধব গণের নিকট প্রকাশ করেন, ইহাতে তাঁহারা তাঁহার কোন ক্ষেপার লক্ষণ কি অন্য কোন উপসর্গ দেখেন না। পরে ৮ই তারিখে মরিবার এক ঘণ্টা পূর্ব্বে, শিয়ালের ন্যায় ৩। ৪ বার চীৎকার করিয়া ডাকিয়া উঠেন, পরে কহেন যে, আমার এই রূপ ডাকিতে ইচ্ছা নাই, তবে কি করি, ঐ শিয়ালের ডাক সহসা আসিয়া উপস্থিত হইতেছে। আমি দেখিতেছি জগদীশ্বর আমার প্রতি নিতান্তই বৈমুখ, তাহা না হইলেই বা আমার এ রূপ দশা কেন উপস্থিত হইল। এই বলিতে বলিতে কহিলেন যে, আমাকে বাহিরে লইয়া যাও, এবং কিছু গঙ্গা জল দেও পান করি, এই কথা বলিয়া কিছু ক্ষণ পরেই প্রাণ ত্যাগ করেন। শুনিয়াছি যে, ক্ষেপিয়া অনেক মানুষ মরে, কিন্তু এ রূপ উত্তম জ্ঞানের সহিত ক্ষেপিয়া মানুষ মরে এ রূপ প্রায় শুনা যায় নাই! এ ব্যক্তি অতীব পুণ্যাত্মা লোক ছিলেন, ইহার এ রূপ সাংঘাতিক মৃত্যুতে আমরা যার পর নাই দুঃখিত হইয়াছি।—হিন্দু রঞ্জিকা।

—বোম্বের অন্তর্গত টানা জেলার আসিস্টেণ্ট জজ তাঁহার কাণ মলিয়া দিয়াছে বলিয়া তাহার চাপরাসির নামে নালিস করেন। আসামী দোষ স্বীকার করে। কিন্তু ইংরেজ ও হিন্দুর সহিত বিবাদের যে ফল তাহা সহজে বুঝা যায়। চাপরা সর এক মাস কঠিন পরিশ্রমের সহিত ফাটক এবং পঞ্চাশ টাকা জরিমানার হুকুম হইয়াছে।

—জাপানের কোন কোন অংশে উলাউঠা হইতেছে।

—নেলোর জেলার মধ্যে ভেটিগণ্ডা নামক স্থানে ভূমি ... হয় নাই।

বার প্রকরণ শিক্ষা করিতে মানচেস্টারে গিয়াছেন।

—পাটনায় একটি সভা হইবে, তথায় যে সকল পাটনার ভদ্র লোক দুর্ভিক্ষের সময় সাহায্য করিয়াছেন, তাহাদিগকে কি রূপ সম্মান দেওয়া যাইবে তদ্ বিষয় সাব্যস্ত হইবে। লেঃ গবর্ণর উক্ত সভায় উপস্থিত থাকিবেন।

—আসামের এক জন সাহেবের বিরুদ্ধে এক জন চৌকিদার হত্যা করা বলিয়া যে চার্জ্জ আনা হয়, কমিসনর তাহা ডিস্ মিস্ করিয়াছেন।

—টানায় বজ্রাঘাতে তিন জন বালকের মৃত্যু হইয়াছে।

—লর্ড নেপিয়ার আর এক বৎসর সৈন্যাধ্যক্ষ থাকিবেন।

—গবর্ণর জেনারেল আগামী ১৩ অক্‌টবর তারিখে হাজারিবাগে যাত্রা করিবেন।

—আমরা এক খানি বিলাতি সম্বাদ পত্র হইতে অবগত হইলাম যে প্রিন্স অব ওয়েলসের ঋণ মহারাণী বিক্‌টরিয়া নিজ হইতে পরিশোধ করিয়াছেন।

—আমরা বিশ্বস্থ সূত্রে অবগত হইলাম যে নওখালি খণ্ড করিয়া পৃথক করার কোন কথাই গবর্ণমেণ্টে হয় নাই এবং তাহার নিমিত্ত গবর্ণমেণ্টে কেহ কোন দরখাস্ত ও করে নাই।

—মিরারে লিখিত হইয়াছে যে বিখ্যাত জালেম প্রাণ কৃষ্ণ হালদারের মৃত্যু হইয়াছে। মৃত ব্যক্তিকে গালি দিতে কেবল মিরারের ন্যায় ধার্ম্মিক পত্রিকাই পারেন।

—কলিকাতায় গুজব উঠিয়াছে যে ডাক্তার চক্রবর্ত্তী ...লণ্ডে প্রাণ ত্যাগ করিয়াছেন। যেবার ক...তায় ভারি ডেঙ্গু জ্বরের প্রাদুর্ভাব হয়, সেবারও ত...মৃত্যুর এই রূপ গুজব উঠে। আমরা ভরসা ক...বারকার ন্যায় এ গুজবটিও মিথ্যা হইবে।

...াইতে দেশীয় গণ কর্ত্তৃক ৫১ খানা সম্বাদ পত্র ... হইয়া থাকে।

...লণ্ডে নূতন এক রকম ... প্রস্তুত হইয়াছে। ...প্ত বায়ু কর্ত্তৃক ...লিত হইবে এবং ইহা দ্বারা ...াহায্য হইবে।

—আরারট পর্ব্বতের নিকট হইতে এক খানি সম্বাদ পত্র প্রকাশিত হইতেছে। ইহার নাম, লুইফস্ অব আরারট। ইহাতে লিখিত হইয়াছে যে আর্মানিয়াতে ২০ হইতে ১৬০ টাকায় স্ত্রী বিক্রয় হয়। সেখানকার লোকে বিশ্বাস করে যে একটি ষণ্ডার উপর পৃথিবী অবস্থিতি করিতেছে এবং ইহার শৃঙ্গের উপর যখন মাছি বসে, ঘাড় ঘাড় নাড়িয়া উহা উড়াইয়া দেওয়ার নিমিত্ত যত্ন করে এবং সেই সময় ভূমি কম্প হয়। তাহারা আরো বলে যে আরারট পর্ব্বত শিখরে স্বর্গীয় দূতেরা অবস্থিতি করেন।

—পবলিক ওপিনিয়ান শুনিয়াছেন যে সংপ্রাত এক জন রুশিয় গবর্ণর ইয়াকুর খাঁর নিকট উকিল পাঠান। এবং রুশিয় গবর্ণমেণ্ট বলিয়াছেন যে তাঁহারা ইয়াকুর খাঁকে টাকা ও লোক দ্বারা সাহায্য করিবেন। বাপের বেগার ইংরাজেরা বহিতেছেন, ছেলের বেগার রুশিয়গণ বহিতে আরম্ভ করিলেন।

—বোম্বাইতে একজন এক খান খামের মধ্যে ভিন্ন ভিন্ন ব্যক্তিকে অনেক গুলি পত্র ডাকে পাঠান। ইহা পোস্টাল বিভাগের কর্ত্তৃপক্ষীয়রা জ্ঞাত হইয়া পত্র প্রেরক গবর্ণমেণ্টকে প্রবঞ্চনা করিবার যত্ন করিয়াছেন বলিয়া তাহার নামে অভিযোগ করিয়াছেন।

—এক খানি আমিরিকান সম্বাদ পত্রে প্রকাশিত হইয়াছে যে কর্পুরের ধূমাতে মশা মরিয়া যায়। এটি অনায়াসে পরীক্ষা করিয়া দেখা যাইতে পারে।

—ইংলণ্ডের মহা সভাতে এক রূপ টানা পাখা ব্যবহার হইতেছে। ইহা বায়ু দ্বারা সঞ্চালিত হয়।

—অযোধ্যার অন্তর্গত গোণ্ডা এবং বারেচের কোন২ স্থানে বন্য জন্তুর এ রূপ উপদ্রব আরম্ভ হইয়াছে, যে অনেক গ্রামে কৃষি কার্য্য একেবারে বন্দ হইয়াছে।

মনে করে ব্যাঘ্র বধ করিলে তাহাদিগের অমঙ্গল হইবে।

—১১ই সেপ্‌টেম্বর তারিখে সাহাজাহালপূরে ভয়ানক বৃষ্টি হইয়াছে। বৃষ্টি অনবরত ৭ ঘণ্টা হয়। প্রায় সমুদয় ছাদ নষ্ট হইয়া গিয়াছে। বৃষ্টি ক্ষান্ত হইলে চতুর্দ্দিক কেবল জলময় দৃষ্ট হয়। ৫৮০০ মৃত্তিকা নির্ম্মিত ও ৫৮৩ ইষ্টক নির্ম্মিত গৃহ পড়িয়া গিয়াছে।

—মান্দ্রাজ রেলওয়ে কোম্পানি ডিটেক্‌টিভ পোলিসে স্ত্রীলোক গয়েন্দা নিযুক্ত করিবার মনস্থ করিয়াছেন।

—কিছু দিন হইল একটি স্ত্রী লোক শুভাদৃষ্টক্রমে আশ্চর্য্যরূপে মৃত্যু হস্ত হইতে পরিত্রাণ পাইয়াছে। জেলের এক জন পুলিশম্যান তাহার নিকট বিবাহের প্রস্তাব করায় সে তাহা অগ্রাহ্য করে। তাহার মন এক জন সুদৃশ্য যুবকের উপর আকৃষ্ট হয়। ইহা জানিতে পারিয়া পুলিশম্যান রাগান্ধ হইল এবং স্ত্রীলোকটিকে বধ করিবার নিমিত্ত বন্দুক পুরিয়া তাহার গৃহে প্রবেশ করিল। স্ত্রীলোকটী খাটের উপর শয়িত ছিল। তাহাকে নানা প্রকার গালি দিয়া পুলিশম্যান বলিল যে সে কখন অন্যের স্ত্রী হইতে পারিবে না এবং তাহাকে বধ করিয়া সে সে শব্দ বন্ধ করিবে। পুলিশম্যান ঠিক করিয়া বন্দুক ছাড়িল। আশ্চর্য্যের বিষয় গুলিতে কেবল তাহার মস্তকের চর্ম্ম মাত্র উঠিয়া গেল, বিশেষ আঘাতলাগে নাই। হত্যাকারী ধৃত হইয়া মাজিষ্ট্রেটের সম্মুখে সমুদয় স্বীকার করিয়াছে।

—মান্দ্রাজের সেণ্ট জর্জ ক্যাথিডাল নামক গির্জা ঘরে গত বুধবারে অনেক খৃষ্টান সমবেত হন। যে মাত্র পাদ্রি সাহেব কার্য্য আরম্ভ করিয়াছেন, অমনি গৃহ মধু মক্ষিকায় পরিপূর্ণ হইল। পাদ্রি সাহেব এবং অন্যান্য সকলে ভয়ে দৌড় দিয়া গৃহ পরিত্যাগ করিলেন। তাহারা বোধ হয় মনে২ ভাবিয়া ছিলেন যে সয়তানের কাজ।

—বোম্বায়ে একটী হিন্দু যুবক মুসলমান হওয়ায় ভারি গোলযোগ হইতেছে। হিন্দু সম্প্রদায় কেবল বৃথা আস্ফালন করিতেছে এবং মুসলমানেরা তাহা দৃক্‌পাত করিতেছে না। হিন্দুরা পরামর্শ করিতেছে যে দোকান বন্ধ করিয়া মুসলমানদিগকে তাহারা কষ্ট দিবে।

—ভিজয়ানাগ্রামের মহারাজার সম্মুখে একটি চুরি হয়। তিন জন কনেষ্টবল অনেক পরিশ্রম করিয়া দুই জন চোরকে ধরিয়াছে। তাহাদিগের বিরুদ্ধে ডাকাইতির চার্জ্জ আনা হইয়াছে এবং তাহারা সেসন কোর্টে অর্পিত হইয়াছে।

—৬ই হইতে ১৩ই সেপ্‌টেম্বর পর্য্যন্ত শ্রীহট্ট এবং তাহার নিকটবর্ত্তী অন্যান্য স্থানে ভারি বৃষ্টিপাত হইয়াছে। কাছাড় পর্য্যন্ত সমুদয় স্থান জলে প্লাবিত হইয়া গিয়াছে।

—অনেকে অনুমান করেন যে বরদায় যে এক জন রাজ বিদ্রোহী ধৃত হইয়াছে, তাহার নাম হাজি। এই হাজি ৫৭ সালের খ্রীষ্টাব্দের সময় জাল সিল করিয়া সুবিখ্যাত হয়। আবার শুনা যাইতেছে উক্ত বিদ্রোহী হাজি নয়, যেহেতু হাজি নাকি ধৃত হ... ছিল এবং তাহার ফাঁসি হইয়া গিয়াছে।

—এক শত টাকার অধিক বেতনভুক্ত কত ইউরোপীয়ান ও ফিরিঙ্গি কর্ম্মচারি আন্‌কভিন্যাণ্ট সার্ভিসে নিযুক্ত আছেন, গবর্ণমেণ্ট তাহার তালিকা চাহিয়াছেন। আরও কত শ্বেত মনুষ্য কর্ম্ম পাইতে পারে সম্ভবতঃ তাহাই স্থির করিবার জন্য গবর্ণমেণ্ট এরূ... তালিকা চাহিয়াছেন।

—শুনা যাইতেছে কটকবাসীরা যাহাতে উড়িষ্যায় ...লওয়ে চালান হয় তজ্জন্য টেম্পল সাহেবের নিক... দরখাস্ত করিবেন।

—মান্দ্রাজের দরিদ্র ইউরোপিয়ানগণ তাহাদিগের অবস্থার বিষয় উল্লেখ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টে দরখাস্ত করিবেন। সম্ভবতঃ তাহাদিগের দিকে ...মেণ্টের দৃষ্টি পড়িবে, যেহেতু তাহাদিগের বর্ণ শ্বেত...

—দুর্ভিক্ষ পীড়িত লোকের সাহায্যের জন্য ... টাকা চাঁদা উঠিয়াছে।

—বোম্বায়ের এক জন পারসি আমেরিকা পরিভ্রমণ করিতেছেন। তিনি মধ্যে ২ তাহার ভ্রমণের বিবরণ লিখিয়া তাহার বন্ধু দিগের নিকট প্রেরণ করিতেছেন।

—ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানি তিন জন ভদ্র লোকের নামে কলিকাতা পোলিসে নালিশ করিয়াছেন। তাহারা হাওড়ার আসিষ্টাণ্ট ষ্টেসন মাষ্টার হিন্দুস্থানি দিগকে প্রহার করেন এরূপ দোষ উল্লেখ করিয়া সাধারণ পত্রিকায় লিখেন।

—জাতি ভেদ অদ্যাপিও পশ্চিম ভারতবাসীর মনে বদ্ধ মূল আছে। বোরস নগরের ব্রাহ্মণ ও অন্যান্য উচ্চ শ্রেণীস্থ লোকেরা রেলওয়ে কর্ত্তৃপক্ষদিগের নিকট দরখাস্ত করিয়াছেন যে তাহারবুংজি ও অন্যান্য নীচ জাতি দিগের সহিত এক গাড়িতে গমনাগমন করিবে না।

—ব্যাভারিয়ার রাজা দ্বিতীয় লুই সত্বর ভারত দর্শন করিতে আগমন করিবেন। তিনি এক্ষণ পারিস নগরে আছেন। শুনা যায় তিনি অতিশয় সঙ্গীত প্রিয়।

—উদয়পুরের মহা রাজা অত্যন্ত পীড়িত হইয়াছেন।

—চারল্স ষ্টাভেলি বোম্বায়ের সৈন্যাধ্যক্ষ হইয়া ভারতবর্ষে আগমন করিয়াছেন।

—ক্ষিপ্ত হল্ল সাহেব যিনি উন্মত্তাবস্থায় দুই জনকে বধ করেন, ইংলণ্ডে প্রেরিত হইয়াছেন। লিভারপুলে পৌঁছিলে তাহাকে রোরডমুরের পাগলা গারদে রাখা হইবে।

...ন্দর আমিরের সহিত বুখারার রাজা ... কোকা...র খাঁয়ের যুদ্ধ হইবার উপক্রম হইয়াছে। শুনা যাইতেছে যে রুসিয়ানেরা বুখারার রাজা এবং খাঁকে ইয়র খন্দ লইতে পরামর্শ দিয়াছে।

—আমেদাবাদে একটী হিন্দু বালিকা ধর্ম্ম বিষয়ক বক্তৃতা দিতেছে।

—এক জন ইয়ুদী দুই জন মদমত্ত ইংরেজের সহিত এক গাড়িতে পুনায় যাইতে ছিল। পথি মধ্যে ইংরেজ দ্বয় ইয়ুদীকে আহত ও তাহার প্রতি নানা প্রকার উপদ্রব করে। রেলওয়ে মাজিষ্ট্রেট তাহাদিগকে জরিমানা করিয়াছেন।

—কলিকাতায় আর এক জন মহান্তকে লইয়া যে মোকদ্দমা হইতেছে তৎসম্বন্ধে ফরিয়াদি রাধা কিশোর দের জবানবন্দীর সার মর্ম্ম আমরা গতবারে দিয়াছি। ফরিয়াদির স্ত্রী চঞ্চলা দাসীর জবানবন্দী আমরা নিম্নে দিলাম। রাধাকিশোর জাতিতে সূত্রধর।

"আমার আর এক নাম রাধারাণী দাসী। আমি বিবাহিতা স্ত্রী। আমি রাধা কিশোর দের স্ত্রী। প্রায় ১২ বৎসর হইল আমার বিবাহ হইয়াছে। আমার বয়স বিশ বৎসর। আমাকে বাহির করিয়া লইয়া যাওয়ার পূর্ব্ব পর্য্যন্ত আমি আমার স্বামীর গৃহে বাস করিতাম। আমি প্রথম ও দ্বিতীয় আসামীকে চিনি। প্রায় চারি মাস হইল প্রথম আসামী আমাদের বাটীতে আইসে। সে আমার বন্ধ্যাত্ব ঘুচাইবার নিমিত্ত চিকিৎসা করিতে আইসে। প্রথমে সে আসিয়া আমার হাত দেখিয়া বলে "তোমার একটি সন্তান হইবে এবং সে সন্তান বাঁচিয়া থাকিবে। আমি তোমাকে যে ঔষধ দিব তাহা খাইতে হইবে।" আমার স্বামী তখন উপস্থিত ছিলেন। প্রথম আসামী আমার স্বামীর সহিত বাহির বাটিতে কথা বার্ত্তা কহিয়াছিল। সে আমার সাক্ষাতে আমার স্বামীকে বলে যে এক খান নুতন কাপড়, একটা হাঁড়ি ও কথক গুলা দাড়িমের ফুল আনিতে হইবে। পর দিন আমার স্বামী এই সকল দ্রব্য আনেন। পর দিন আসামী আসিয়া আমাকে ঔষধ দেয় এবং দাড়িমের ফুল দিয়া আমি সেই ঔষধ খাই। প্রথম আসামী প্রতি দিন দুপর বেলায় আমার সহিত দেখা করিতে আসিত। তখন আমার স্বামী বাটিতে থাকিতেন না। প্রথম আসামী আমাকে তিন দিন পর্য্যন্ত ঔষধ দেয়। ঔষধ খাইলে আমার নেশা বোধ ... ...মার মন দূষিত হইয়াছিল। এক দিন ... আমাকে জিজ্ঞাসা করিয়াছিল "তুমি ...চ্ছা কর?" আমি বলিলাম "কোথায়" ... তোমাকে স্বর্গে, নরকে, যে খানে সে খানে লইয়া যাইতে পারি।" আমি বলিলাম "আমি কোথায় যাইব? আমার স্বামী আছেন। এই আমার বাড়ী।" আমি তাহার সহিত যাইতে অস্বীকার হইলাম। আমার অস্বীকারে আসামী বলিল "তোমাকে শীঘ্রই যাইতে হইবে।" সে বলিল "তুমি অল্প দিন বাঁচিবে। আমি তোমাকে নানা তীর্থ স্থানে লইয়া যাইব।" সে আমাকে অনেক প্রলোভন দেখাইয়া মত লওয়াইতে লাগিল। আমি শেষে স্বীকার হইলাম। সে বলিল আমি যে যাইতেছি তাহা আমি যেন আমার স্বামীকে না বলি। দ্বিতীয় আসামী হরি তাহার সহিত আসিত। সে আমাকে মঙ্গল বারে বাহির হইতে বলে। সে বলে "আমার চেলা হরি আসিয়া তোমাকে লইয়া যাইবে।" যখন সে আমার নিকট উক্ত প্রস্তাব করে তখন আমার গায় গহনা ছিল। আমার তখন তিন যোড়া এয়ারিং, এক যোড়া সোনার জসম, এক ছড়া চিক, চারি গাছ মল, এবং একটা আংটী ছিল। সে আমাকে গহনা সকল লইয়া যাইতে বলিয়াছিল। সে আমার নিকট সোমবারে অর্থাৎ আমার বাহির হইয়া যাওয়ার পূর্ব্ব দিন এই প্রস্তাব করে। এই সকল বন্দ বস্ত করিয়া সে চলিয়া যায়। পর দিন হরি একখান গাড়ি লইয়া আমাদের বাড়ী আইসে। আমি তখন আমাদের বাড়ির বাহিরের কুঠরীতে শুইয়াছিলাম। গাড়ি আসিয়া দুয়ারে লাগিল আমি দেখিলাম। আমার স্বামী তখন বাড়ি ছিলেন না। বাটীতে অন্য অন্য পরিবার ছিল, কিন্তু তাহারা তখন ঘুমাইয়া ছিল। তখন বেলা একটা। আমি হরির সহিত গাড়িতে উঠিলাম। আমি সঙ্গে আমার গহনা সকল লইয়া ছিলাম। হরির সঙ্গে গাড়িতে উঠিলে সে গাড়োয়ানকে উল্টাডিঙ্গিতে গাড়ি চালাইতে বলিল। আমরা উল্টাডিঙ্গিতে একটা বাড়িতে আসিয়া পৌঁছিলে ঘুরুণ নামক এক জন দরওয়ান আসিয়া বলিল 'আমি মহান্তের দরওয়ান।" আমি আসামীকে তখন দেখি নাই। উলটাডিঙ্গি হইতে রাত্রে আমাকে এক বাগানে লইয়া যায়। আমি সেখানে সে রাত্র থাকি। হরি আমার সঙ্গে ছিল। পর দিন প্রাতঃ কালে আমাকে দক্ষিণেশ্বরে লইয়া যায়। সে খানে আমি মহান্তকে দেখি। সে আমাকে জিজ্ঞাসা করে "তুমি কি তোমার গহনা সকল আনিয়াছ?" আমি বলিলাম "হাঁ"। সে বলিল "সে গুলি আমার নিকট দেও আমি রাখিয়া দিব।" আমি অলঙ্কার গুলি তাহাকে দিলাম। ঐ অলঙ্কার গুলির মূল্য প্রায় ৩০০ টাকা। দক্ষিণেশ্বর হইতে আমাকে নৌকায় করিয়া কালীঘাটে লইয়া আইসে। হরি আমাদের সঙ্গে ছিল। কালীঘাট হইতে রেল যোগে আমাকে বদ্ধমানে লইয়া যায়। আসামী দ্বয় এবং ঘুরুন দরওয়ান আমার সঙ্গে ছিল। আমরা ১০। ১২ দিন বর্দ্ধমানে ছিলাম। বর্দ্ধমানে থাকা কালীন মহান্ত আমাকে চিনি দিয়া কি ঔষধ খাইতে দিত। তাহা খাইয়া আমার নেশা হইত। বদ্ধমানে থাকা কালীন মহান্ত আমার নিকট কুকার্য্যের প্রস্তাব করিত। আমি তাহাতে সম্মত হইতাম না। আমি অস্বীকার হইলে সে বলিত "তুমি দেখ্‌ছনা যে তুমি এখন বাড়ীর বাহির হইয়াছ, তোমার স্বামী আর তোমাকে গ্রহণ করিবেনা, আমি তোমাকে মারিতে পারি, রাখিতে পারি।" তাহার এই কথায় আমি চুপ করিয়া থাকিতাম। এক দিন আমার পেটের ব্যামহ হয়। আসামী আমাকে ভাঙ্গ খাইতে দেয়। আমার তাহাতে নেশা হয় এবং সেই সময় আসামী আমার প্রতি কুব্যবহার করে। সে প্রায় মাসাবধি আমার প্রতি কুব্যবহার করে। বর্দ্ধমান হইতে সে আমাকে ত্রিবেণীতে লইয়া আইসে। সেখানে আমি প্রায় এক মাস ছিলাম। হরি ও ঘুরুন দরওয়ান আমাদের সঙ্গে ছিল। ত্রিবেণীতে আমরা স্ত্রীপুরুষের ন্যায় থাকিতাম। হরি ও ঘুরুন ত্রিবেণীতে আমাদিগকে রাখিয়া চলিয়া আইসে। মহান্ত তারপর আমাকে চিৎপুরের পদ্ম পুকুরে লইয়া আইসে। সে আমাকে একটা বাড়ীতে লইয়া আইসে এবং সেই তল রায়ের, সে এখানে উপস্থিত আ... ...সামী আমাকে সেই বাড়ী রাখিয়া এই বলিয়া ... গেল যে সে আবার ফিরিয়া আসিবে। আমি যখন তাহার সঙ্গে ছিলাম তখন তাহার নিকট আমার গহনা রাখিয়া ছিলাম সে বলিয়া ছিল "আমি পূজার সময় দিব।" সে আমাকে গহনা ফিরিয়া দেয় নাই। আমি শীতল রায়ের বাটীতে দুই দিন ছিলাম। তার পর পুলিশ আমাকে লইয়া আইসে।"

প্রেরিত।

আমাদের ইংরাজি শিখার উদ্দেশ্য কি?

সম্প্রতি রো সাহেব ইংরাজি ভাষা রচনা বিষয়ক যে পুস্তক খানি প্রকাশ করিয়াছেন তাহাতে বাঙ্গালিরা ইংরাজি রচনায় যে রূপ ভুল সচরাচর করিয়া থাকে সেই২ ভুল ক্রমান্বয় দিয়া উক্ত সাহেব মহাশয় তৎ২ স্থানে কি রূপ হওয়া উচিত তাহাও লিখিয়াছেন। সুতরাং সেই ভুল সমষ্টির মধ্যে শ্রীযুত লাল বেহারি দে মহাশয়ের ও ভুল দেখান হইয়াছে। তিনি ছাড়িবেন কেন? সম্প্রতি দে মহাশয় তাহার কৃত সেপ্‌টেম্বর মাসের বেঙ্গল ম্যাগেজিনে রো সাহেবের রচনা লইয়া কিছু২ উত্তম গোছ বলিয়াছেন, আর ও উক্ত সাহেবের ভুল দেখান হইয়াছে। আর ফ্রেণ্ড অব ইণ্ডিয়ার সম্পাদক দে মহাশয়ের পোষকতা করিয়াছেন। রো সাহেব ইংরাজ, ইংরাজি তাঁহার মাতৃ ভাষা, তাহাতে আবার উত্তম বিদ্যালয়ে শিক্ষা করিয়া অনেক দিন শিক্ষা কার্য্যে নিযুক্ত আছেন। এ দিকে লাল বেহারি দে মহাশয় ডাক্তর ডফের প্রি... শিষ্য, ত্রিশ বৎসরে... অধিক কাল শিক্ষা কার্য্যে নিযুক্ত আছেন। ইঁহাদে... ইংরাজিতে ভুল হয়। আর আমরা হত ভাগারা, কে... ক্রমে মুখস্থ করে ১০। ১১ বৎসরের মধ্যে একটু খা... এম, এ বিয়ে পাস করি, তাহাতে আমাদের ভুল লইয়... কত মহাশয় ব্যঙ্গ করেন। আমাদের ইংরাজি রচনা যে ভাল নয় তাহা শত শত বার স্বীকার করি কিন্তু একটা মনের কথা বলিব, উহাতে আমাদের কাজ কি? কার্য্য চালাইবার জন্য যতটুকু রচনা আবশ্যক বোধ হয় ততটুকু আমাদের ঘটে, তবে আমরা ইংরাজিতে গ্রন্থকার হইতে পারি না হইতেও চাহি না। কি ভদ্র কি অভদ্র সকলের পক্ষে ইংরাজি শিক্ষা উচিত কিন্তু সেই শিক্ষার উদ্দেশ্য কি? আমরা কি ইংরাজি ভাষাকে আমাদের মাতৃ ভাষা করিয়া তুলিব, না আমরা সকলে ইংরাজ হইব? ইংরাজ মহাশয়েরা এ দেশে টাকা উপাৰ্জ্জন করিয়া স্বদেশে ব্যয় করেন, তাহাতে তাঁহাদের দেশের শ্রীবৃদ্ধি। আমাদের উচিত যে ইংরাজি ভাষা উপার্জ্জন করিয়া বাঙ্গলা ভাষায় খরচ করি তাহা হইলে কিছু শোধ হয়। বোধ হয়, এই কার্য্যটি সুশৃঙ্খলা রূপে হইবে বলিয়াই শ্রীযুত ঈশ্বর চন্দ্র বিদ্যা সাগর মহাশয় প্রভৃতি দেশ হিতৈষী মহোদয় গণের উদ্যোগে সংস্কৃত ভাষা পরীক্ষার একটি অঙ্গ হইয়াছে কিন্তু ক্যাম্বেল সাহেব বিএ পরীক্ষায় তাহার আবার ভাগ করিয়া বসিয়াছেন। সংস্কৃত কঠিন ভাষা যে দিকে সহজে উত্তীর্ণ সেই দিগে ছাত্র সুতরাং অচিরাৎ সংস্কৃত বি এ হইতে উঠিবে এমন কি, ইতি মধ্যেই দুই এক প্রধান বিদ্যালয়ে বি এর সঙ্গে সংস্কৃত আর চলে না। এই ক্ষণে সংস্কৃত পরীক্ষক মহাশয়েরা বুঝিয়া কার্য্য করিলে মঙ্গল।

যে সময়ে ও যে পরিশ্রমে ইংরাজি রচনা একটু ভাল রূপ শিক্ষা করা যায়, তাহার অৰ্দ্ধেক সময়ে ও অৰ্দ্ধেক পরিশ্রমে বাঙ্গলা রচনা শিক্ষা এক রূপ বেশ হইতে পারে। এখন কোনটি ভাল? উপার্জ্জিত জ্ঞান কোন ভাষায় খরচ করা উচিত? ইংরাজি বুঝ বাঙ্গালা লেখ।

জ্ঞানদীপিকা পুস্তকালয়
১৫। ৬। ৮১ বাগ বাজার } শ্রীঃ—

কলিকাতার ছোট আদালতের মোক্তার শ্রেণী।

বিগত ১ লা জুলাই হইতে উক্ত আদালতের

আদেশ প্রকাশ করিয়াছেন তাহাতে তিশয় ক্ষতি ও কষ্ট হইতেছে। যেহেতু অল্প টাকা আদায়ের জন্য অর্থীগণ আপন আপন ব্যবসায় ও কার্য্য ক্ষতি করিয়া সতত স্বয়ং ঐ কর্ম্মে লিপ্ত থাকিতে পারেনা, অধীনস্থ অন্য কোন লোক নিযুক্ত করিলে অন্য দিকে ক্ষতি স্বীকার করিতে হয় এবং অকারণ অধিক ব্যয়ে উকীল নিযুক্ত করিতেও সক্ষম হয় না। পূর্ব্বে তাহারা মোক্তার দিগের দ্বারা অত্যল্প ব্যয়ে বিনাকষ্টে ও সহজে কার্য্য প্রাপ্ত হইত। বিশেষতঃ এপ্রদেশে আদালত সম্বন্ধীয় কর্ম্মে মোক্তারই বাদী বিবাদীর প্রধান মধ্যস্থ ও কর্ম্মাধ্যক্ষ সেই অধ্যক্ষ অভাবে কর্ম্মের যেরূপ অসুবিধা হয় তাহা কেনা হৃদয়ঙ্গম করিতে পারে? শুনিলাম মহামান্য শ্রীল শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর বাহাদুর এই অনিষ্ট নিবারণের এক মাত্র উপায় বিবেচনা করিয়া প্রায় ২০০০ লোকে তাঁহার নিকটে এক আবেদন পত্র প্রদান করিয়াছেন। যাহা হউক জজ সাহেবেরা যে, কাহার কথায়, কি প্রমাণে এবং কাহাদিগের কি উপকারের জন্য, আর কেনইবা এই চিরঃ প্রচলিত নিয়মটী উন্মুলিত করিতেছেন তাহা আমরা বুঝিতে পারিনা। যদি তাঁহাদিগের মতে মোক্তার দিগের মধ্যে অভদ্র, অনুপযুক্ত, কুচরিত্র কিম্বা কোন দোষীলোক থাকে তাহা হইলে পরীক্ষা বা অন্য কোন উপায় দ্বারা তাহাদিগের মধ্যে সচ্চরিত্র কার্য্যদক্ষ উপযুক্ত লোক নির্ব্বাচন করিয়া লওয়া কর্ত্তব্য।

খাহির সিমলা। শ্রী—বিশ্বাস।

হুগলী দুর্ভিক্ষ।

জেলাহুগলির মধ্যে এষ্টেসন চণ্ডীতলা অন্তঃপাতি ..., মল্লিকপুর, চকতাজপুর, শুভলাড়া প্রভৃতি গ্রামে দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে। গবর্ণমেণ্ট দুর্ভিক্ষ পীড়িত ব্যক্তিগণকে চাউল বিতরণ করিতে ছিলেন। এক্ষণে তাঁহার সে আদেশের পরিবর্ত্তন দেখা যাইতেছে। প্রায় দুই সপ্তাহ হইল এদেশের অধিকাংশ আবাল বৃদ্ধ বনিতা অনশনে হাহাকার করিতেছে। জঠরানলে জর্জরিভূত হইয়া শাক কচু প্রভৃতি সিদ্ধ খাইয়া রোগগ্রস্ত হইতেছে। লেপ্টেনেণ্ট গবর্ণর এবিষয়ের বিশেষঃ তত্ত্বাবধারণ না করিলে আশু দেশের অত্যন্ত অমঙ্গলের সম্ভাবনা। ত্বরায় এদুঃখ শান্তির উত্তম রূপ উপায় না করিলে বৃটীশ গবর্ণমেণ্টের রাজ্যে অন্নাভাবে প্রজা সকল জীবন ত্যাগ করিবে তাহার কোন সন্দেহ নাই। পূর্ব্বে এদেশে সুশৃঙ্খলরূপে রিলিফের কার্য্য সম্পাদিত হইতেছিল। এক্ষণে পূর্ব্বমত নিয়মানুসারে কার্য্য না হইলে আমাদিগের দেশের লোকদিগের দুরবস্থার পরিসীমা থাকিবে না কারণ গত বৎসর যৎসামান্য ফসল হইয়া ছিল ও বর্ত্তমান বৎসরেও কোন প্রকার ফসল জন্মায় নাই এবং হইবারও সম্ভাবনা নাই। এ বিষয় মান্যবর গবর্ণমেণ্ট কর্ণপাত না করিলে লোক সমূহের আসন্ন মৃত্যু উপস্থিত।

সন১২৮১ সাল ১৩ আশ্বিন } শ্রীকৈলাস চন্দ্র মুখোপাধ্যায় সাং পাণ্ডল
শ্রীত্রৈলক্য নাথ চক্রবর্ত্তী সাং পাণ্ডল
শ্রীবৈকুণ্ঠ নাথ বসু
শ্রীগিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

পত্র প্রেরকের প্রতি।

শ্রীঅভয়া চরণ বসু, কোঁচবেহার—মহারাজা নৃপেন্দ্র নারায়ণ ভূপ বাহাদুরের জন্ম তিথি উপলক্ষে একটি সুন্দর পদ্য লিখিয়াছেন। কিন্তু আমরা পত্রিকায় পদ্যের স্থান সন্নিবেশ করিতে পারি না বলিয়া পদ্যটি প্রকাশ করিতে পারিলাম না।

শ্রীরা, তো, উত্তরপাড়া—"হরি সহায় থাকিলে কি না হয়" এই শিরনামে যে পত্র লিখিয়াছেন তাহা আমরা বুঝিতে পারিলাম না

শ্রীহরিদাস দাস, চাঁদপুর, মালদহ—পত্র প্রেরক যখন কমিশনার সাহেবের নিকট দরখাস্ত করিয়াছেন তখন দরখাস্তের প্রতি কোন হুকুম না হওয়া পর্য্যন্ত তা-

শ্রীরাম লাল ঘোষ, যশোর—পত্র প্রেরকের পত্র প্রকাশ হইলে কি উপকার প্রত্যাশা করেন? প্রথমতঃ যে কর্ম্মচারীর বিরুদ্ধে লেখা হইয়াছে তাহার নাম ইত্যাদি নাই, যে প্রকার অত্যাচার হইয়াছে তাহার বিবরণ নাই, যেখানে অত্যাচার অনুষ্ঠিত হইয়াছে পত্রে তাহাও প্রকাশ নাই। পত্র প্রেরক অন্ধকারে ঢিল মারিয়াছেন। তাঁহার পত্র পাইয়া কর্ত্তৃপক্ষেরা কাহার বিষয় তদন্ত করিবেন?

রাম দাস, শিলং—গবর্ণর জেনারেল বাহাদুরের আসাম ভ্রমন বৃত্তান্ত লিখিয়াছেন। বিষয়টী পুরাণ হইয়া গিয়াছে।

শ্রীঅন্নদা প্রসাদ বন্দ্যোপাধ্যায়, সাত গাছিয়া—১২৭৩ সালের দুর্ভিক্ষের পরেই এখানে সংক্রামক জ্বরের প্রাদুর্ভাব হয়, এবারও সেই দশা উপস্থিত। পত্র প্রেরক সাত গাছিয়া অঞ্চলে একটি দাতব্য চিকিৎসালয় স্থাপনের জন্য গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিতেছেন।

গোয়ালন্দ—প্রবঞ্চনা করিয়া ঘি লওয়া বলিয়া ট্রেবেলীং পোষ্টাফিসের যে তিনটি বাবুর নামে অভিযোগ হয় তাহাতে আসামী গণ মধ্যে দুই জন মুক্তি পাইয়াছেন। যোগেন্দ্র নাথের ৫৫ টাকা জরিমানা হইয়াছে।

জনৈক গ্রাহক—রেলওয়ে পরিবার লইয়া যাওয়ায় অসুবিধা সম্বন্ধে, লিখিয়াছেন। যে একটি অত্যাচারের বিষয় লিখিয়াছেন, তাহা কি তদন্ত করিলে প্রকাশ পাইবে? সেই বাবুটি কেন সাক্ষাৎভাবে কর্ত্তৃপক্ষদিগকে জানান না? ঘটনাটি যদি তিনি প্রমাণ করিতে পারেন তবে তাহা দ্বারা সাধারণের বিস্তর উপকার হইবে। শুদ্ধ সংবাদ পত্রে লিখিলে কি ফল হইবে?

এক জন হিত কারী—খড়দহের অন্তঃপাতি কোন গ্রামে কোন ব্যক্তির দুই স্ত্রী ছিল। তিনি অবশ্য একটিকে বেশী ভাল বাসিতেন। স্বামী তাহার সুয়া স্ত্রীকে এক দিন তিরস্কার করেন, তাহাতে সে তাঁহাকে শতমুখী দ্বারা মুখে এমনি প্রহার করে যে তাঁহার গাল গলা ফুলিয়া দাঁতে ২ আঁটিয়া গিয়াছে এবং তাহার জীবন সংশয় হইয়াছে।

বিজ্ঞাপন।

THE UNIVERSAL MEDICAL HALL.
N. C. PAUL AND CO'S MOST WONDERFUL PILLS. !

A Specific for chronic and malarious fevers, enlarged spleen and liver.

অত্যাশ্চর্য্য বটিকা!!

পুরাতন ও ম্যালেরিয়া অর্থাৎ সংক্রামক জ্বরের এবং প্লীহা ও যকৃত রোগের মহাঔষধ।

এ পর্য্যন্ত উপরোক্ত রোগাদির যে সকল ঔষধ প্রকাশ হইয়াছে তাহা অনেকে সেবন করিয়া প্রথমে আরোগ্য লাভ করেন পরে অল্প কালের মধ্যে পুনর্ব্বার পীড়িত হইতে প্রায় সর্ব্বদা দেখা যায়। এক প্রকারে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে ঐ সকল ঔষধ দ্বারা রোগ কেবল স্থগিত থাকে মাত্র, এক বারে রোগ বিনাশ হয় না। কারণ যে পর্য্যন্ত ম্যালেরিয়া বিষ শরীর হইতে নির্গত না হয় সে পর্য্যন্ত পুনর্ব্বার পীড়িত হইবার সম্ভাবনা থাকে। এই নিমিত্ত আমরা বহুতর বহুদর্শী ও সুবিখ্যাত চিকিৎসকের সহিত পরামর্শ করিয়া এই অত্যাশ্চর্য্য নামক রৌপ্যাবৃত বটিকা প্রকাশ করিতেছি। ক্রমাগত গত চারি বৎসরাবধি নানা প্রকার পরীক্ষা দ্বারা ইহা জানিতে পারা গিয়াছে যে এই মহৌষধ সেবনে সহস্র সহস্র উল্লেখিত রোগাক্রান্ত ব্যক্তিগণ সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছেন, এমন কি যাঁহারা ইংরাজী চিকিৎসায় বিরক্ত হইয়া বাঙ্গালা চিকিৎসায়ও আরোগ্য লাভ করিতে পারেন নাই, তাঁহারাও এই বটিকা সেবন করিয়া ইতে কুইনাইনের ও ম্যালেরিয়ার বিষ নির্গত করিবার এক প্রকার দৈব ঔষধ বলিলে বলা যাইতে পারে। প্রতি কৌটায় ৩০টা বটিকা আছে এবং উহা সেবনাদির নিয়মাবলি উহার সহিত আছে।

প্রতি কৌটার মূল্য ১॥০ টাকা ডাক মাশুল ৵০ আনা। এই মাশুলে ২টা কৌটা অনায়াসে যাইতে পারে। অপর

আমরা বহু দিবসাবধি বিলাত হইতে ইংরাজী ঔষধাদি আনাইয়া অত্র নগরীতে ও ভারতবর্ষের নানা স্থানে বিক্রয় ও প্রেরণ করিতেছি। এক্ষণে যে সকল মহোদয় উক্ত ঔষধাদির নিয়ম বিবেচনা করিয়া থাকেন ও সুলভ মূল্যে উত্তম ঔষধ ক্রয় করিতে ইচ্ছা করেন তাঁহাদিগেরনিকট আমাদিগের নিবেদন এই যে যখন যাহা প্রয়োজন হইবেক অনুগ্রহ করিয়া আমাদিগকে লিখিলে ও মূল্য প্রেরণ করিলে অতি সত্বর প্রেরণ করিব, ও ঔষধের মূল্যের মুদ্রিত তালিকা বিনা মূল্যে বিনা ডাক মাশুলে পাঠাইব এবং ঔষধাদি ভিন্ন অপরাপর দ্রব্য যাহা প্রয়োজন হইবেক তাহাও সুলভ মূল্যে ক্রয় করিয়া পাঠাইতে পারিব তাহার কমিশন শত করা ৫ পাঁচ টাকা মাত্র লইব।

এন, শী, পাল এণ্ড কোং
ইউনিভারশেল মেডিকেল হল।
২৮৩। ২৮৪ নং অপার চিৎপুর রোড
কলিকাতা, শোভাবাজার।

আমি এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানাইতেছি যে যখন কোন বাঙ্গলা গ্রন্থকার বা বাঙ্গলা সংবাদ পত্রের সম্পাদক কোন নুতন পুস্তক বা নুতন সংবাদ পত্র প্রকাশ করেন, অনুগ্রহ পূর্ব্বক উহার এক ২ খণ্ড আমাকে প্রদান করিলে একান্ত বাধিত হইব। পুস্তকের মুল্য, পুস্তক প্রাপ্তিমাত্র প্রেরণ করিব। সংবাদ পত্র পাঠ করিয়া যদি ভাল বোধ হয় তবে গ্রাহক হইব ও মুল্য পাঠাইব নতুবা যে কএক খণ্ড সংবাদ পত্র প্রাপ্ত হই কেবল তাহারই মুল্য পাঠাইব। যদি আমার অনবধানতায় মূল্য পাঠাইতে গৌণ হয় তবে ব্যারিং পত্র দ্বারা স্মরণ করিয়া দিলে বাধিত হইব।

১২৮১ সাল ১১ আশ্বীন মুক্তগাছা } শ্রীঅমৃত নারায়ণ আচার্য্য চৌধুরী জমিদার ২

কাকিনীয়ার বার্ষিক মেলা।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাপন করা যাইতেছে যে, বর্ত্তমান মাসের ২৫এ তারিখ হইতে কাকিনীয়া রাজবাটীর বার্ষিক মেলা আরম্ভ হইয়া, আগামী ১০ই কর্ত্তিক পর্য্যন্ত স্থায়ী থাকিবে। সওদাগ ... কাঁয়া এবং অন্যান্য যাবদীয় দোকানদারের নিমিত্ত উপযুক্ত স্থান ও আশ্রয় প্রদত্ত হইবে। ক্রেতাবিক্রেতার সর্ব্ব প্রকার সুবিধা বিধান করা যাইবেক। সর্ব্বদাব্যবহার্য্য ও আবশ্যকীয় এবং মনোনীত দ্রব্য হইলে অন্য ক্রেতার অভাবে কাকিনীয়ার রাজ সরকারই তাহা উচিত মুল্যে ক্রয় করিবেন। উপযুক্ত স্থান মনোনীত করিয়া লওয়ার নিমিত্ত ব্যবসায়ীদিগকে মেলার আরম্ভ দিবসের পূর্ব্বেই এখানে উপস্থিত হইতে হইবেক। ইহাও জ্ঞাতব্য যে দোকানদারদিগের প্রতি যাহাতে কোন অংশে ত্রুটি না হয়, তৎপক্ষে বিশেষ দৃষ্টি রাখা যাইবে ইতি।

সন১২৮১ সাল ১লা আশ্বিন } শ্রীনন্দকুমার নিয়োগী
হেড্ মুন্সী, রংপুর
কাকিনীয়া র...

☞এই পত্রিকা কলিকাতা বাগবাজার ... য়ের গলি ২ নং বাটি হইতে প্র...